তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ২

NOV. 1 9 2000

দৈনিক ইনকিলাব

## দাঙ্গা-হাঙ্গামা ভাঙচুর গুলী টিয়ার গ্যাস ১৪৪ ধারা ভঙ্গ নকলের মহোৎসবের মধ্যে

# সারাদেশে ডিগ্রী পরীক্ষা শুরু ঃ ৩ হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

**স্টাফ রিপোর্টার ঃ** ব্যাপক দাঙ্গা-হাঙ্গামা, ভাঙচুর, গুলী ও টিয়ার গ্যাস, ১৪৪ ধারা ভঙ্গ এবং নকলের মহোৎসবের মধ্য দিয়ে গতকাল থেকে সারাদেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা শুরু হয়েছে। গতকাল প্রথম দিনে ইংরেজী পরীক্ষায় বিভিন্ন কেন্দ্র থেকে প্রায় ৩ হাজার পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়। এ সময় নকল সরবরাহ ও সহযোগিতার জন্য আরো ৩ জন হল পরিদর্শকও বহিষ্কৃত হন। বহিষ্কৃত ছাত্র-ছাত্রী ও নকল সরবরাহকারী জনতার সাথে বিভিন্ন স্থানে পুলিশের ব্যাপক সংঘর্ষে ৫ পুলিশসহ শতাধিক আহত হয়েছে। পুলিশ গ্রেফতার করেছে কমপক্ষে ২৫ জনকে। দেশের বিভিন্ন স্থানে ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষায় নকলে বাধাদান এবং নকলের জন্য পরীক্ষার্থীদের বহিষ্কার করলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী ও বহিরাগত সহযোগীরা মিলে ঐসব কেন্দ্রে ব্যাপক ভাঙচুর ও শিক্ষক-শিক্ষিকাদের লাঞ্ছিত করে। এসময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ব্যাপক লাঠিচার্জ, গুলীবর্ষণ ও টিয়ার সেল নিক্ষেপ করে। উভয় পক্ষে সংঘর্ষে কমপক্ষে শতাধিক আহত এবং সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রগুলোর প্রচুর ক্ষতিসাধন হয়। গতকাল সাধারাদেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৬০২টি কেন্দ্রে ৩ লক্ষাধিক পরীক্ষার্থী এই ডিগ্রী পরীক্ষায় অংশ নেয়। অধিকাংশ কেন্দ্রেই ব্যাপক নকলের মধ্য দিয়ে এই পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং এবারের ডিগ্রী পরীক্ষা নকলের অতীত সকল রেকর্ড

-এর পৃঃ ১-এর কঃ দেখুন

# সারাদেশে ডিগ্রী পরীক্ষা শুরু ঃ ৩ হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

প্রথম পৃষ্ঠার পর

অতিক্রম করে। যেখানে নকলে বাধা দেয়া হয়েছে সেখানেই সংঘর্ষ ও ভাঙচুর ঘটেছে। পরীক্ষা হলের চতুর্দিকে জারি করা ১৪৪ ধারা অবাধে লংঘিত হয়। নকলকারীদের প্রতি বহু স্থানে রাজনৈতিক সমর্থনের কারণে পুলিশও অসহায় হয়ে পড়ে। কুড়িগ্রামে নকলকারীদের বহিষ্কারের ঘটনায় রাজিবপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে ব্যাপক ভাঙচুর হয়। ওসি, ম্যাজিস্ট্রেট ও কেন্দ্র সচিবকে হামলাকারীরা অবরুদ্ধ করে রাখে। পুলিশ লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এখানে বিভিন্ন কলেজ কর্তৃপক্ষ নকলে সহযোগিতার প্রতিশ্রুতি দিয়ে জনপ্রতি ৪শ'/ ৫শ' টাকা করে আদায় করেছে বলে নকলকারীরা অভিযোগ করেছে। ফরিদগঞ্জে নকলে বাধাদানে ব্যাপক হাঙ্গামা ও ভাঙচুর হলে পুলিশকে ফাঁকা গুলীবর্ষণ করতে হয়। হামলাকারীরা রাস্তায় ব্যারিকেড দিয়ে যানবাহন চলাচলে বাধার সৃষ্টি করে। এখানে পুলিশসহ ৩০ জন আহত হয়। গ্রেফতার হয় ৪ জন। নরসিংদীতে নকলের মহোৎসব ও ১৪৪ ধারা ভঙ্গে পুলিশ টিয়ার সেল নিক্ষেপ এবং গুলীবর্ষণ করে। ব্যাপক হাঙ্গামা ও ভাঙচুরের ঘটনায় পুলিশ ৮ জন বহিরাগতকে গ্রেফতার করে। চট্টগ্রাম, নীলফামারী, কুমিল্লা, নোয়াখালী, কুষ্টিয়া, যশোর, জামালপুর প্রভৃতি এলাকায় অবাধে নকলের খবর পাওয়া গেছে। নকল প্রতিরোধে প্রায় সর্বত্রই কর্তৃপক্ষ ব্যর্থতার পরিচয় দিয়েছেন।

কুড়িগ্রাম জেলা সংবাদদাতা জানান, ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে কুড়িগ্রামের রাজিবপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে ৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার ঘটনাকে কেন্দ্র করে বিক্ষুব্ধ ছাত্র-জনতা পরীক্ষা কেন্দ্রে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে এবং কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে এক ঘন্টা অবরুদ্ধ করে রাখে। পরীক্ষার্থীদের দাবী, নকলের অবাধ সুযোগ দেয়ার প্রতিশ্রুতি দিয়ে 'কর্তৃপক্ষ' তাদের কাছে অতিরিক্ত চারশ' টাকা হারে আদায় করে। কিন্তু পরীক্ষা চলাকালীন কর্তব্যরত ম্যাজিস্ট্রেট অসদুপায় অবলম্বনের দায়ে ছাত্র-ছাত্রীদের বহিষ্কার করা শুরু করলে বহিরাগত সহযোগীরা ক্ষুব্ধ হয়ে একযোগে পরীক্ষা কেন্দ্রে হামলা চালায়। তারা টেলিফোনের তার ছিঁড়ে ফেলে। কেন্দ্রের দরজা-জানালা ভাঙচুর করে। কর্তব্যরত ম্যাজিস্ট্রেট, ওসি এবং কেন্দ্র সচিবকে এক ঘন্টা অবরোধ করে রাখে। পুলিশ শক্তি বৃদ্ধি করে তাদের উদ্ধার করে এবং ছাত্র-জনতার উপর লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

উল্লেখ্য, গতকাল কুড়িগ্রামের ১০টি পরীক্ষা কেন্দ্রে অসুদপায় অবলম্বনের দায়ে মোট ১শ' ৪৪ জন ছাত্র বহিষ্কৃত হয়।

গ্রেফতার ও ফটোস্ট্যাট মেশিনটি আটক করে।

পটুয়াখালী বাউফল কলেজে নকলের অভিযোগে দশ ডিগ্রী পরীক্ষার্থীকে বহিষ্কারের কারণে পরীক্ষা শেষ হওয়ার পরে তারা সংঘবদ্ধভাবে কলেজটিতে হামলা চালিয়ে ভাংচুর করে। এতে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভূত ক্ষতি হয়েছে। কলেজ পিওন মামুন ও জাকীর আহত হয়েছে গুরুতরভাবে। জাকিরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে আমাদের পটুয়াখালী সংবাদদাতা জানিয়েছেন। বাউফল থানা সদরে পরিস্থিতি থমথমে। সন্ত্রাস ও বেআইনী কর্মকাণ্ডের অভয়আশ্রম বাউফলে গতকালের ঐ ঘটনায় সাধারণ মানুষ আতঙ্কিত।

চট্টগ্রাম ব্যুরো জানায়, ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে গতকাল চট্টগ্রাম মহানগরী ও জেলার বিভিন্ন কেন্দ্র থেকে নকলের দায়ে ৫৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নগরীর ১১টি কেন্দ্র ছাড়াও জেলার বিভিন্ন কেন্দ্রে মোট ১২ হাজার ২৮২ জন পরীক্ষার্থী অংশ নেয়। বিভিন্ন কেন্দ্রে ব্যাপক নকল হয়েছে বলে জানা গেছে।

যশোর অফিস জানায়, গতকাল শনিবার যশোরের মোট ১১টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৩৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে অভয়নগরে ৯ জন, কেশবপুরে ৫ জন, মনিরামপুরে ২ জন, শার্শায় ৪ জন, চৌগাছায় ৩ জন, ঝিকরগাছায় ৬ জন, বাঘারপাড়ায় ৩ জন, নজরুল ইসলাম কলেজ কেন্দ্রে ২ জন।

কুষ্টিয়া জেলা সংবাদদাতা জানান, নকলের দায়ে কুষ্টিয়ার ৫টি কেন্দ্রে মোট ৩৭ জনকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে কুষ্টিয়া সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে ২ জন, ইসলামিয়া কলেজে ১১ জন, ভেড়ামারা ডিগ্রী কলেজে ২ জন, কুমারখালী কলেজে ১৪ জন এবং খোকসা কলেজের ৮ জন রয়েছে।

মাদারীপুরে ৬টি কলেজ কেন্দ্রের মধ্যে ৫টিতে মোট ২৮ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। মোট ২ হাজার ৪৪৪ জন পরীক্ষায় অংশ নিয়েছে।

জামালপুরের ১২টি পরীক্ষা কেন্দ্র থেকে গতকাল ১৪৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার এবং নকল সরবরাহ ও গোলযোগ সৃষ্টির দায়ে ২ জনকে গ্রেফতার করা হয়েছে।

দিনাজপুর অফিস জানায়, ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে গতকাল শনিবার নিাজপুরের বেশীরভাগ কেন্দ্রেই বাইরে কড়াকড়ির ফাঁক গলে ব্যাপক হারে গণটোকাটুকি হয়েছে। পরীক্ষা চলাকালে শহরের আদর্শ কলেজ কেন্দ্রে একজন পরীক্ষার্থী ও একজন বহিরাগত নকল সরবরাহকারীকে গ্রেফতার করা হয়েছে। সরকারী কলেজ কেন্দ্রে পুলিশ লাঠিচার্জ করে বহিরাগতদের হটিয়ে দেয়। জেলার ১৮টি কেন্দ্রের মধ্যে ১৫টি কেন্দ্র থেকে ২১৬ জনকে বহিষ্কার করা হয়েছে। সরকারী কলেজ কেন্দ্রে পুলিশকে লাঠিচার্জ করতে হয়।

নীলফামারী জেলা সংবাদদাতা জানান, জেলার ৫টি কেন্দ্রে ডিগ্রী পরীক্ষা ব্যাপক গণটোকাটুকি ও নকলের মহোৎসবের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়। নকল করার অভিযোগে গতকাল (শনিবার) জেলার ৫টি কেন্দ্রের ৩ হাজার ৮৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪টি কেন্দ্র থেকে ৮৮ জনকে বহিষ্কার করা হয়েছে। ১৪৪ ধারা ভঙ্গ করে নকল সরবরাহ করার দায়ে জলঢাকা ডিগ্রী কলেজ কেন্দ্রে একজন বহিরাগত যুবককে আটক করা হয়। নীলফামারী সরকারী মহিলা কলেজ কেন্দ্রে জনৈক শিক্ষক নকল সরবরাহ করার চেষ্টাকালে এ কেন্দ্রে দায়িত্ব নিয়োজিত ম্যাজিস্ট্রেট শেখ মোমেনা মনির তাকে বাধা প্রদান করলে উভয়ের মধ্যে বাকবিতণ্ডা হয়। এ অবস্থায় ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালন না করে কেন্দ্র ত্যাগ করে চলে যান।

রংপুর জেলা সংবাদদাতা জানান, ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে রংপুরের ১৩টি কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে। জেলার ৮টি উপজেলাসহ পৌর এলাকার কেন্দ্রসমূহে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ১৫৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বাগেরহাট জেলা সংবাদদাতা জানান, ডিগ্রী পরীক্ষায় গতকাল (শনিবার) ইংরেজী পরীক্ষায় ৮টি কেন্দ্রের ৫টিতে ১৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। তবে কোন কেন্দ্র হতে কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।